ঝিনাইদহে ‘দৈনিক যশোর বার্তা’র প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

যশোর থেকে প্রকাশিত বহুল প্রচলিত ‘দৈনিক যশোর বার্তা’ প্রত্রিকার (ঝিনাইদহ-মাগুরা) প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভাপতি অনুষ্ঠত হয়েছে।

আজ রবিবার (১৩ অক্টোবর) সকাল ১১টায় ঝিনাইদহের মর্ডান মোড়ে দৈানক কালবেলা অফিসের সেমিনার কক্ষে ঝিনাইদহ ও মাগুরার জেলা- উপজেলা প্রতিনিধিদের নিয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

দৈনিক যশোর বার্তার ঝিনাইদহ জেলা প্রতিনিধি মোঃ শাহানুর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দৈনিক যশোর বার্তার সম্পাদক ও প্রকাশক শিহাব উদ্দীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলা প্রতিনিধি মোঃ নওয়াব আলী। এসময় আরও উপস্থিত ছিলেন মাগুরার ষ্টাফ রিপোর্টার আনোয়ার হোসেন, কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি রবিউল ইসলাম, ষ্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, মহেশপুর উপজেলা প্রতিনিধি আলমগীর হোসেন, কোটচাদপুর প্রতিনিধি রেজাউল করিম, ষ্টাফ রিপোর্টার জীবন রহমান, মাগুরা (মহাম্মদপুর) উপজেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন নাজমুল, হরিণাকুণ্ডু উপজেলা প্রতিনিধি মাহামুদুর রহমান মিল্টন এবং যশোর অফিসের ফটো সাংবাদিক তানভীর হোসেন। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ঝিনাইদহের প্রতিনিধিগণ।

সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্যদিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেণ ঝিনাইদহ জেলা প্রতিনিধি মোঃ শাহানুর আলম।

মতবিনিময় সভায় প্রতিনিধিগণ পত্রিকার সমস্যা ও সম্ভাবনার কথা তুলে ধরেন। মতবিনিময় সভায় প্রধান অতিথি বলেন নানা চড়াই-উতরায় পেরিয়ে আমরা যশোর বার্তাকে মানুষের দোর গুড়াই পৌছে দেওয়ার চেষ্টা করছি, আপনাদের সকলের সহযোগীতায় এই পত্রিকাকে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে চাই। দৈনিক যশোর বার্তা আমরা একটি পরিবার, সকলকে আন্তরিকতার সাথে পত্রিকায় কাজ জরার আহবান জানন। আগামী ১১ নভেম্বর

পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিক বর্ণাঢ্য আয়োজনে পালনের জন্য সকলের সহযোগীতা কামনা করেন তিনি।